গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি (নভেম্বর/২০১৮ মাসের) পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	আফরোজা খান সচিব
সভার তারিখ	১২ ডিসেম্বর-২০১৮
সভার সময়	১২.০০ টা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব মোঃ মহিদুর রহমান অক্টোবর-২০১৮ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকৃত হয়।

২। মাননীয় প্রধানমন্ত্রী'র ০২-০৮-২০০৯ তারিখের ০১টি প্রতিশ্রুতি, ১৬-০২-২০১৪ তারিখের ২০টি নির্দেশনা, এবং ২৪-০৫-২০১৫ তারিখের ১৪টি নির্দেশনার মধ্যে ১টি প্রতিশ্রুতি ও ২৮টি নির্দেশনা বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট ০৬টি নির্দেশনার বিষয়ে আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. ঝুঁকিপূর্ণ শিশুশ্রম: শিশুদেরকে ঝুঁকিপূর্ণ কাজ থেকে সরিয়ে আনার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০১৪, ২৪ মে ২০১৫
বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য: (ক) এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম-নিরসন এবং ২০২৫ সালের মধ্যে বাংলাদেশকে শিশুশ্রমমুক্ত করার লক্ষ্যে ২০১৭-২০১৮ অর্থ বছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক ৬টি শিল্প সেক্টরকে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম মুক্ত করা হয়েছে এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে ২৫টি শিল্প সেক্টরকে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম মুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে। **সিদ্ধান্ত:** এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম-নিরসন এবং ২০২৫ সালের মধ্যে বাংলাদেশকে শিশুশ্রমমুক্ত করার নিমিত্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। **বাস্তবায়নকারী:** অতিরিক্ত সচিব(আইও)/মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। **(খ)** শিশুশ্রমমুক্ত শিল্প সেক্টরে যাতে নতুন করে শিশু শ্রমিক নিযুক্ত না হয় তা নিয়মিত পরিদর্শন ও ফলো-আপ পরিদর্শনের মাধ্যমে নিশ্চিত করা হচ্ছে। ২৩৪টি কারখানা থেকে ৩৭৫ জন শিশুকে শিশুশ্রম থেকে প্রত্যাহার করা হয়েছে এবং ৭টি মামলা দয়ের করা হয়েছে। **সিদ্ধান্ত:** শিশুশ্রমমুক্ত শিল্প সেক্টরে শিশু শ্রমিক নিয়োগের প্রমাণ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। **বাস্তবায়নকারী:** মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। **(গ)**'বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)' প্রকল্পটি গত ০৮-০৫-২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে এবং প্রকল্পের প্রাথমিক প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পাদনের নিমিত্ত পরামর্শক নিয়োগের কাজ চলমান রয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে পরিকল্পনা কমিশন হতে ২ কোটি টাকা বরাদ্দ

পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী কর্ম-পরিকল্পনা প্রণয়ন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জনবল নিয়োগের উদ্দেশ্যে গত ২৯ নভেম্বর ২০১৮ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

সিদ্ধান্ত: 'বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)' প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নকারী: অতিরিক্ত সচিব (উন্নয়ন)/প্রকল্প পরিচালক।

(ঘ) জাতীয় শিশুশ্রম নিরসন নীতির আলোকে National Plan of Action (NPA) বাস্তবায়নের জন্য জাতীয় এবং স্থানীয় পর্যায়ে কঠিত (১) জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, (২) বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, (৩) জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (DCLMC) ও (৪) উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির কার্যক্রম চলমান। সর্বশেষ রাজশাহী বিভাগে **''বিভাগীয় শিশুশুম কল্যাণ পরিষদ''**-এর ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়েছে।

সিদ্ধান্ত: জাতীয় শিশুশ্রম নিরসন নীতির আলোকে গঠিত কমিটিগুলোর কার্যক্রম জোরদার করার লক্ষ্যে মন্ত্রণালয় হতে মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। পরবর্তী সভায় এ সংক্রান্ত অগ্রগতি উল্লেখ করতে হবে।

বাস্তবায়নকারী: অতিরিক্তসচিব (আইও)

(ঙ)শিশুশ্রম তথ্য সহায়িকা প্রণয়ন ও শিশুশ্রম সম্পর্কিত একটি ডকুমেন্টারি এবং ৩(তিন) টি TV spot তৈরি করা হয়েছে। জনসচেতনতা সৃষ্টির জন্য 'শিশুশ্রম নিরসন,'
'কর্মক্ষেত্রে নিরাপত্তা' ও 'শ্রমিক কল্যাণ' বিষয়ক টেলিভিশন কমার্শিয়াল (TVC) নির্মাণ ও বিভিন্ন টেলিভিশন চ্যানেলে নিয়মিত প্রচার করা হচ্ছে।

সিদ্ধান্ত: প্রণীত শিশুশ্রম তথ্য সহায়িকা, ডকুমেন্টরি এবং TV spot ব্যবহার করে শিশুশ্রম নিরসনের নিমিত্ত সচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নকারী: মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

(চ) ঢাকা থেকে সাভারে স্থানান্তরিত ট্যানারি শিল্পে যাতে নতুন করে শিশুশ্রমে নিযুক্তি না ঘটতে পারে সে-লক্ষ্যে গত ১৬ অক্টোবর ২০১৬ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব কর্তৃক শিল্প সচিব বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হলে গত ১৫ অক্টোবর ২০১৭ তারিখে শিল্প মন্ত্রণালয় কর্তৃক বিসিক এর চেয়ারম্যানকে ট্যানারি শিল্পে শিশুশ্রম বন্ধে ট্যানারি শিল্প মালিকদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-কে সহযোগিতা প্রদান করতে অনুরোধ করা হয়। সেপ্রেক্ষিতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে।

সিদ্ধান্ত: সাভারে স্থানান্তরিত ট্যানারি শিল্পে যাতে নতুন করে শিশুশ্রমে নিযুক্তি না ঘটতে পারে সে-লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নকারী: মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

২. (ক) নারী শ্রমিকদের আবাসন ব্যবস্থা ও তাদের নিরাপত্তা: নারী শ্রমিকদের জন্য তাদের কর্মস্থলের কাছাকাছি আবাসন ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্ব দিতে হবে। এ ছাড়া তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(খ) কর্মজীবী নারী শ্রমিকের জন্য গৃহায়ন তহবিলের সহায়তায় বন্দর, নারায়ণগঞ্জ এবং কালুরঘাট, চট্টগ্রামে অবস্থিত শ্রমকল্যাণ কেন্দ্রে ০২টি ১০০০ শয্যাবিশিষ্ট ডরমিটরি নির্মাণের কার্যক্রম গ্রহণ করতে হবে। ডরমিটরিতে বিল্ট-ইন খাটসহ আসবাবপত্রের ব্যবস্থা থাকতে হবে যেন খাটের নীচের অংশ স্টোর হিসেবে ব্যবহার করা যায়। ডরমিটরির Common Dining Hall **ও রান্নাঘরসহ অন্যান্য আনুষঙ্গিক** service-**এর অতিরিক্ত হিসেবে প্রতিটি ফ্লোরে একটি করে কিচেন এবং কাপড়-চোপড় ধোয়ার জায়গা থাকতে হবে। তা ছাড়া ছোট পরিবারের বসবাসের উপযোগী পৃথক কিছু সংখ্যক কক্ষ/**living space **রাখা যেতে পারে।**

১৬ ফেব্রুয়ারি ২০১৪, ২৪ মে ২০১৫

বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য:

(ক) 'নারায়ণগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে শ্রমকল্যাণ কেন্দ্রসহ শ্রমজীবী মহিলা হোস্টেল নির্মাণ' শীর্ষক প্রকল্পটি গত ১০ এপ্রিল ২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ বন্দর অংশের ১ম তলার ছাদ ঢালাই এর কাজ সম্পন্ন হয়েছে এবং চট্টগ্রাম অংশের ১ম তলার ছাদ ঢালাই এর কাজ চলমান রয়েছে।

সিদ্ধান্ত: 'নারায়ণগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে শ্রমকল্যাণ কেন্দ্রসহ শ্রমজীবী মহিলা হোস্টেল নির্মাণ' শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নকারী: অতিরিক্ত সচিব (উন্নয়ন)/মহাপরিচালক, শ্রম অধিদপ্তর/ প্রকল্প পরিচালক।

(খ) নারী শ্রমিকদের নিরাপত্তা পরিদর্শনের মাধ্যমে নিশ্চিতকরণ অব্যাহত আছে।

সিদ্ধান্ত: পরিদর্শনের মাধ্যমে কর্মক্ষেত্রে নারী শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নকারী: মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৩. শ্রম কল্যাণ কেন্দ্র: শ্রম কল্যাণ কেন্দ্রগুলোকে শ্রমিকদের কল্যাণে কার্যকর করতে হবে। এ কেন্দ্রে শ্রমিকদের জন্য হাসপাতাল ও থাকার জন্য ডরমেটরি নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

১৬ ফেব্রুয়ারি ২০১৪, ২৪ মে ২০১৫

বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য:

(ক) চাষাড়া শ্রম কল্যাণ কেন্দ্রে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি)-এর আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নযোগ্য "Development of Occupational Disease Hospital, Labour Welfare Center and Commercial Complex at Chashara on PPP Basis-শীর্ষক প্রকল্পটি অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গত ২১-০৩-২০১৮ তারিখে চূড়ান্তভাবে অনুমোদিত। দরদাতা প্রতিষ্ঠান এএফসি হেলথ লিমিটেড ও বাস্তবায়নকারী সংস্থার শ্রম অধিদপ্তরের মধ্যে গত ২২ জুলাই, ২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। কার্যক্রম চলমান আছে ।

সিদ্ধান্ত: প্রকল্পটি বাস্তবায়নের কার্যক্রম তরান্বিত করতে হবে। অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নকারী: অতিরিক্ত সচিব (উন্নয়ন)/মহাপরিচালক, শ্রম অধিদপ্তর/প্রকল্প পরিচালক।

(খ) শ্রম অধিদপ্তরের ৬টি শ্রম কল্যাণ কেন্দ্র এবং 'দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদারকরণে রাঙামাটির ঘাগরায় বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ'-শীর্ষক প্রকল্পের কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত: 'শ্রম অধিদপ্তরাধীন বিদ্যমান ৬টি দপ্তর পুনর্নির্মাণ ও আধুনিকায়' এবং 'দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদারকরণে রাঙামাটির ঘাগরায় বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ'-শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নকারী: অতিরিক্ত সচিব (উন্নয়ন)/মহাপরিচালক, শ্রম অধিদপ্তর/প্রকল্প পরিচালক।

৪. শ্রম আদালত: ৭টি বিভাগের প্রতিটিতে শ্রম আদালত স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রতিটি জেলায় বিচার আদালতে শ্রমবিষয়ক বিচার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

১৬ ফেব্রুয়ারি ২০১৪, ২৪ মে ২০১৫

বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য: মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সিলেট, বরিশাল ও রংপুর বিভাগে ০৩ (তিন) টি আদালত গঠন এবং উক্ত আদালতসমূহে ১৪টি করে মোট ৪২টি পদ সৃজনের বিষয়ে গত ২৬-০৮-২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় সম্মতি প্রদান করা হয়। এ বিষয়ে গত ১০ অক্টোবর, ২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদনের পর ইতোমধ্যে পরিপত্র জারি এবং সরকারী মঞ্জুরী আদেশ জারীপূর্বক পৃষ্ঠাংকনের পর ভেটিংয়ের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিভলেটিভ বিভাগে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নকারী: বাস্তবায়নকারী: যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)।

৫. যে-সকল শিল্প সেক্টরের মজুরি নির্ধারণের সময় ৫ বছর অতিক্রান্ত হয়েছে সে-সকল শিল্প সেক্টরে ন্যূনতম মজুরি পুনর্নির্ধাণের কার্যক্রম গ্রহণ করতে হবে।

২৪ মে ২০১৫

বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য: মজুরি নির্ধারণের সময় ৫ বৎসর অতিক্রান্ত হয়েছে এমন ২১টি শিল্প সেক্টরের মধ্যে এলুমিনিয়াম এন্ড এনামেল শিল্প সেক্টরের নিম্নতম মজুরি (চূড়ান্ত সুপারিশ-২০১৮) পুনর্নির্ধারণের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। গ্লাস এন্ড সিলিকেট, গার্মেন্টস শিল্প সেক্টরের মজুরি পুনর্নির্ধারণের কার্যক্রম চলমান আছে। এছাড়া সিকিউরিটি সার্ভিস নামে একটি নতুন শিল্পে নিয়োজিত শ্রমিকদের মজুরি নির্ধারণের কার্যক্রম চলমান।

(খ) শিল্প সেক্টরে মজুরির পুনর্নির্ধারণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নকারী: যুগ্মসচিব (মজুরি ও শ্রমিক কল্যাণ)/চেয়ারম্যান, নিম্নতম মজুরি বোর্ড।

৬. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শক ও সংশ্লিষ্ট অন্যান্যদের প্রশিক্ষণ, গবেষণা ও পিপিই সার্টিফিকেশনের জন্য একটি National Industrial Safety Academy স্থাপন করার পদক্ষেপ নেয়া যেতে পারে। প্রয়োজনে টঙ্গীতে বিদ্যমান শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI)-এর জমি অথবা তেজগাঁও শিল্প এলাকা ঢাকাতে এ প্রতিষ্ঠান গড়ে তোলা যেতে পারে।

২৪ মে ২০১৫

বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতির তথ্য: রাজশাহীতে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন (NOHSRTI)' প্রকল্পটি ১০ অক্টোবর ২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। গত ০১ নভেম্বর, ২০১৮ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক প্রকল্পের ভিত্তি প্রস্তর স্হাপন করা হয়েছে ।

সিদ্ধান্ত: প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নকারী: অতিরিক্ত সচিব (উন্নয়ন)/মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর/প্রকল্প পরিচালক।

পরিশেষে, সভাপতি মন্ত্রণালয়ের ভাবমূর্তি উজ্জ্বল করার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আফরোজা খান
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০১২.১৬.০০৮.১৭.২০৪

তারিখ: ৫ পৌষ ১৪২৫

১৯ ডিসেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : (আগামী ৬ জানুয়ারি-২০১৯ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণের অনুরোধসহ)।

১) সকল কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

৩) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ৪ রাজউক এভিনিউ, ঢাকা।

৪) মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) পরিচালক - ৯, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

৬) প্রকল্প পরিচালক, বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) প্রকল্প পরিচালক, নারায়নগঞ্জের বন্দর ও চট্রগ্রামের কালুঘাটের শ্রমকল্যাণ কেন্দ্রসহ শ্রমজীবী মহিলা হোস্টেল নির্মাণ প্রকল্প, শ্রম অধিদপ্তর, ৪ রাজউক এভিনিউ, ঢাকা।

৮) প্রকল্প পরিচালক, Development of Occupational Disease Hospital, Labour Welfare Center and Commercial Complex at Chashara on PPP Basis প্রকল্প, শ্রম অধিদপ্তর, ৪ রাজউক এভিনিউ, ঢাকা।

৯) প্রকল্প পরিচালক, শ্রম অধিদপ্তরাধীন বিদ্যমান ৬টি দপ্তর পুনর্নিমাণ ও আধুনিকায় প্রকল্প, শ্রম অধিদপ্তর, ৪ রাজউক এভিনিউ , ঢাকা।

১০) প্রকল্প পরিচালক, দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদারকরণে রাঙামাটির ঘাগরায় বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, ৪ রাজউক এভিনিউ , ঢাকা।

১১) প্রকল্প পরিচালক, রাজশাহীতে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন (NOHSRTI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

১২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৩) রেজিস্টার, শ্রম আপীল ট্রাইব্যুনাল, কাকরাইল, ঢাকা।

১৪) সচিব, নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।

মোঃ মহিদুর রহমান
উপসচিব